

সরকারি শামসুর রহমান কলেজ

নির্বাচনী পরীক্ষা -২০২১

দ্বাদশ শ্রেণী (বি.এম শাখা)

বিষয় :- বাংলা -২

বিষয় কোড -১৮২১

সময় - ৩ ঘণ্টা

পূর্ণমান - ৬০

[দ্রষ্টব্য : ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ব্যাকরণ (মান -২৫)

- ১। ষ-ত্ব বিধানের পাঁচটি নিয়ম লেখ। ৫
- ২। উৎস অনুসারে বাংলা শব্দের শ্রেণিবিভাগ দেখাও। ৫
- ৩। বাক্য কাকে বলে? গঠন অনুযায়ী বাক্য কয় প্রকার ও কী কী? উদাহরণসহ আলোচনা কর। ৫
- ৪। ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ (যে কোনো পাঁচটি) : ৫
- বিষাদ সিন্ধু, আমরা, সপ্তাহ, বকধার্মিক, দুর্ভিক্ষ, নদীমাতৃক, অক্ষত।
- ৫। বিশেষ্য পদ কাকে বলে? বিশেষ্য পদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫

নির্মিতি (মান - ৩৫)

- ৬। যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর : ১২
- (ক) বর্ষণ মুখর সন্ধ্যা;
- (খ) বাংলাদেশের মুক্তিযুদ্ধ;
- (গ) মাদকাসক্তি ও তার প্রতিকার;
- (ঘ) ডিজিটাল বাংলাদেশ;
- (ঙ) সময়ের মূল্য;
- ৭। (ক) পারিভাষিক শব্দ লেখ (যে কোনো পাঁচটি)। ৫
- Legend, Agenda, Acting, Bio-data, Cabinet. Urban, Oath.
- অথবা,
- (খ) বাংলায় অনুবাদ কর : Man cannot live alone. So he likes to keep company. He cannot do without the help of others even for a day. For this reason men have been living together for many days. This is called social life. Today also nobody can ignore this social life.
- ৮। (ক) “একুশে বই মেলা” দেখার অভিজ্ঞতা বর্ণনা কর। ৬
- অথবা, (খ) যৌতুক প্রথা ও নারী নির্যাতন’ এ সম্পর্কে একটি প্রতিবেদন তৈরি কর।
- ৯। (ক) বন্ধুর জন্মদিনের শুভেচ্ছা জানিয়ে ই-মেইল পাঠাও। ৬
- অথবা, (খ) কোনো বাগিচ্যিক প্রতিষ্ঠানের হিসাবরক্ষকের শূন্য পদে চাকরি প্রার্থনা করে একখানা আবেদনপত্র রচনা কর।
- ১০। সারমর্ম লেখ : ৬
- (ক) সার্থক জনম আমার জন্মেছি এই দেশে,
সার্থক জনম, মা গো তোমায় ভালোবেসে।
জানি নে তোর ধন রতন আছে কিনা রাণির মতন
শুধু জানি আমার অঙ্গ জুড়ায় তোমার ছায়ায় এসে।
কোন বনেতে জানি নে ফুল গন্ধে এমন করে আকুল,
কোন গগনে ওঠেরে চাঁদ এমন হাসি হেসে।
আঁখি মেলে তোমার আলো প্রথম আমার চোখ জুড়ালো,
এ আলোতেই নয়ন রেখে মুদব নয়ন শেষে।
- অথবা,
- (খ) সারাংশ লেখ :
স্বাধীনতা পরশমণি সবাই ভালোবাসে,
সুখের আলো জলে বুকে দুঃখের ছায়া নাশে।
স্বাধীনতা সোনার কাঠি খোদার সুধা দান,
স্পর্শে তাহার নেচে উঠে শূন্য দেহে প্রাণ।
মনুষ্যত্বের বান ডেকে যায় ভীরা হৃদয়ের তলে,
বুক ফুলিয়ে দাড়াই ভীরা স্বাধীনতা বলে।